

# ১৫ জুন থেকে ৭ জুলাই সব কোচিং সেন্টার বন্ধ

নিজস্ব প্রতিবেদক

১২ জুন ২০২২ ০১:০৫

পিএম | আপডেট: ১২ জুন

২০২২ ০১:০৮ পিএম

11  
Shares



শিক্ষামন্ত্রী দীপু মনি। পুরোনো ছবি

advertisement

চলতি বছরের মাধ্যমিক স্কুল সার্টিফিকেট (এসএসসি) পরীক্ষা আগামী ১৯ জুন থেকে শুরু হচ্ছে। এ কারণে পরীক্ষায় জালিয়াতি রোধ করতে ১৫ জুন থেকে আগামী ৭ জুলাই পর্যন্ত দেশের সব ধরনের কোচিং সেন্টার বন্ধ রাখার ঘোষণা দিয়েছে শিক্ষা মন্ত্রণালয়।

আজ রোববার সচিবালয়ে এসএসসি পরীক্ষা উপলক্ষে আইনশৃঙ্খলা-সম্পর্কিত এক সভা শেষে এ ঘোষণা দেন শিক্ষামন্ত্রী ডা. দীপু মনি। তিনি বলেন, ১৯ জুন থেকে এসএসসি ও সমমানের পরীক্ষা শুরু হবে। সুষ্ঠুভাবে পরীক্ষা সম্পন্ন করতে প্রস্তুতি চূড়ান্ত করা হচ্ছে। এ জন্য আগামী ১৫ জুন থেকে ৭ জুলাই পর্যন্ত দেশের সব কোচিং সেন্টার বন্ধ থাকবে।

শিক্ষামন্ত্রী আরও জানান, পদ্মা সেতুর উদ্বোধনী দিন সারা দেশে উদ্যাপন করা হবে। এ জন্য ২৫ জুনের পরীক্ষা একদিন এগিয়ে আনা হয়েছে। ওই দিনের পরীক্ষাটি ২৪ জুন অনুষ্ঠিত হবে।

রুটিন অনুযায়ী, এবারের এসএসসি পরীক্ষা শুরু হবে ১৯ জুন। শেষ হবে ৬ জুলাই। সব পরীক্ষাই সকাল ১০টা থেকে দুপুর ১২টা পর্যন্ত অনুষ্ঠিত হবে।

শিক্ষামন্ত্রী জানান, এ বছর সাধারণ ৯টি বোর্ডের অধীনে ১৫ লাখ ৯৯ হাজার ৭১১ জন পরীক্ষার্থী রয়েছে। এর বাইরে দাখিলে ২ লাখ ৬৮ হাজার ৪৯৫ জন আর কারিগরি শিক্ষা বোর্ডের অধীনে এসএসসি ও দাখিল ভোকেশনালে ১ লাখ ৬৩ হাজার ৬৬২ পরীক্ষার্থী অংশ নেবে।

11  
Shares